

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২ ১৮(আগরতলা, ১৮।১১)
আমবাসা, ১৮ নভেম্বর, ২০২০

আমবাসা-গন্ডাছড়া সড়কে টি আর টি সি বাস পরিষেবার সূচনা

আমবাসা-গন্ডাছড়া সড়কে ত্রিপুরা সড়ক পরিবহণ নিগমের যাত্রীবাহী বাস পরিষেবার আজ সূচনা হয়েছে। আমবাসা মহকুমা প্রশাসনের উদ্যোগে আমবাসা মোটর স্ট্যান্ডে এ বিষয়ে আয়োজিত এক অনুষ্ঠানে সাংসদ রেবতী ত্রিপুরা বলেন, এই রোডে সরকারি বাস পরিষেবা দেবার জন্য জনগণের দীর্ঘদিনের দাবী ছিল। আজ সেই প্রতিশ্রুতির অবসান হল। তিনি বলেন, যোগাযোগ ব্যবস্থা উন্নতির ক্ষেত্রে রাজ্য সরকার নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করেছে। তিনি বলেন, কেবলমাত্র সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নেই রাজ্য সরকার চিন্তাভাবনা করছে না, রেল বিমান পরিষেবা প্রভৃতির উন্নতির জন্যও উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রধান অতিথির ভাষণে বিধায়ক পরিমল দেববর্মা বলেন, এক সময় সড়ক পরিবহণ নিগম লাভজনক সংস্থা ছিল। কিন্তু দীর্ঘদিন অবহেলার ফলে এই সংস্থাটি প্রায় নিষ্ক্রিয় হয়ে পড়ে। সরকার এই সংস্থাটিকে পুনরুজ্জীবিত করার প্রচেষ্টা নিয়েছে।

এখন থেকে প্রতিদিন সকালে আমবাসা থেকে বাস গন্ডাছড়ার উদ্দেশ্যে ছাড়বে এবং বিকালে গন্ডাছড়া থেকে ফিরে আসবে। ভাড়া ৪০ টাকা। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন আমবাসার মহকুমা শাসক জে ডি দোয়াতি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক, সমাজসেবী সন্দীপ পাল প্রমুখ।
